

**2020/TDC(CBCS)/ODD/SEM/
BNGDSE-501T/370**

**TDC (CBCS) Odd Semester Exam., 2020
held in March, 2021**

BENGALI

(5th Semester)

Course No. : BNGDSE-501T

(বাংলা শিশুসাহিত্য ও জীবনী সাহিত্য)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণ মান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্য সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

যে কোনো কুড়িটি প্রশ্নের উত্তর দাও : ১×২০=২০

- ১। 'শিশু ভোলানাথ' কাব্যটি প্রথম কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয় ?
- ২। "দারিদ্র্য করে না দীন, ধূলি তোরে করে না অশুচি," পঙ্ক্তিটি কোন্ কবিতার অন্তর্গত ?
- ৩। "ধীরে ধীরে পৌঁছয় সে/সকল বারের পরে"—এখানে কোন্ বারের কথা বলা হয়েছে ?
- ৪। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম সাল উল্লেখ করো।

- ৫। রবীন্দ্রনাথ ঠাকুরের শিশু-সংক্রান্ত আরেকটি কাব্যের নাম লেখো।
- ৬। 'শিশু ভোলানাথ' কাব্যের প্রথম কবিতার নাম কী?
- ৭। 'ভোলানাথ' বলতে 'শিশু ভোলানাথ' কাব্যে কাকে বোঝানো হয়েছে?
- ৮। 'শিশু ভোলানাথ' কাব্যের কবিতাগুলি প্রকাশিত হয়েছে এমন একটি পত্রিকার নাম লেখো।
- ৯। দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার কোথায় জন্মগ্রহণ করেন?
- ১০। দক্ষিণারঞ্জন মিত্র মজুমদারের পিতার নাম লেখো।
- ১১। দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার সম্পাদিত একটি পত্রিকার নাম লেখো।
- ১২। 'ঠাকুরমার ঝুলি' কত সালে প্রথম প্রকাশিত হয়েছিল?
- ১৩। 'ঠাকুরমার ঝুলি' ছাড়া দক্ষিণারঞ্জন মিত্র মজুমদারের অন্য একটি গ্রন্থের নাম লেখো।
- ১৪। 'ঠাকুরমার ঝুলি' সংকলনটি কয়টি খণ্ডে বিভক্ত?
- ১৫। 'ঠাকুরমার ঝুলি'র গল্পগুলো কোন্ অঞ্চল থেকে সংগৃহীত?
- ১৬। 'ঠাকুরমার ঝুলি'র মোট গল্প সংখ্যা কত?
- ১৭। বাংলা সাহিত্যে 'শিশুসাহিত্য' শব্দটি প্রথম কে ব্যবহার করেন?

- ১৮। উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর জন্ম সাল কত ?
- ১৯। 'সন্দেশ' পত্রিকার প্রথম সম্পাদক কে ছিলেন ?
- ২০। উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর পৌত্রের নাম কী ?
- ২১। পাঠ্যগ্রন্থটি ছাড়া উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর অন্য একটি গ্রন্থের নাম লেখো।
- ২২। উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর পিতৃদত্ত নাম কী ছিল ?
- ২৩। 'টুনটুনির বই' কত সালে প্রকাশিত হয় ?
- ২৪। 'টুনটুনির বই'-এ মোট গল্পের সংখ্যা কত ?
- ২৫। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের পূর্বপুরুষদের আদি নিবাস কোথায় ছিল ?
- ২৬। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের মাতার নাম কী ছিল ?
- ২৭। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের কৌলিক উপাধি কী ছিল ?
- ২৮। 'সীতার বনবাস' গ্রন্থটির রচয়িতা কে ?
- ২৯। 'বর্ণপরিচয়' বইটি কার লেখা ?
- ৩০। হিন্দু বিধবা বিবাহ আইন কবে প্রবর্তিত হয় ?
- ৩১। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ছদ্মনাম কী ছিল ?

- ৩২। 'ভ্রান্তিবিলাস' গ্রন্থটি কোন্ গ্রন্থ থেকে অনূদিত ?
- ৩৩। 'অচেনা অজানা বিবেকানন্দ' বইটি কাকে উৎসর্গ করা হয়েছে ?
- ৩৪। 'বিবেকানন্দ ও সমকালীন ভারতবর্ষ' গ্রন্থটি কার লেখা ?
- ৩৫। "চেয়েছিলাম শিবকে, পেলাম এক ভূতকে।" বক্তা কে ?
- ৩৬। স্বামী বিবেকানন্দের ছোটবেলার ডাক-নাম কী ছিল ?
- ৩৭। স্বামী বিবেকানন্দের বিদেশিনী শিষ্যা নিবেদিতার পূর্ব নাম কী ছিল ?
- ৩৮। স্বামী বিবেকানন্দের গর্ভধারিণীর নাম কী ?
- ৩৯। স্বামী বিবেকানন্দ কত খ্রিস্টাব্দে চিকাগো ধর্ম মহাসম্মেলনে যোগদান করেন ?
- ৪০। স্বামী বিবেকানন্দ কত বছর বয়সে সন্ন্যাসী হয়েছিলেন ?

SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

- ৪১। 'শিশু ভোলানাথ' কাব্যের দ্বিতীয় ও শেষ কবিতাটির নাম কী ?
- ৪২। 'শিশু ভোলানাথ' কাব্যে মোট কয়টি কবিতা আছে? এটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন্ পর্বের রচনা ?

- ৪৩। রূপকথা বলতে কী বোঝ ?
- ৪৪। 'ঠাকুরমার ঝুলি'র ভূমিকা কে লিখেছিলেন ? 'ঠাকুরমার ঝুলি' গল্পে কয়টি ছড়া রয়েছে ?
- ৪৫। শিশুসাহিত্যের দুটি বৈশিষ্ট্যের উল্লেখ করো।
- ৪৬। বাংলা শিশুসাহিত্যের দ্বিতীয় পর্যায়ের দুইজন শিশুসাহিত্যিকের নাম লেখো।
- ৪৭। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের সমাজ-সংস্কারমূলক দুটি গ্রন্থের নাম লেখো।
- ৪৮। সাহিত্য অকাদেমি প্রকাশিত 'ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর' গ্রন্থটির লেখক কে ? এই গ্রন্থের বাংলা অনুবাদকের নাম কী ?
- ৪৯। স্বামী বিবেকানন্দের পিতৃদত্ত নাম কী ? তারা ভাইবোন ক'জন ছিলেন ?
- ৫০। স্বামী বিবেকানন্দ কার সঙ্গে মামলায় জড়িয়েছিলেন ? তিনি কার শিষ্যত্ব গ্রহণ করেছিলেন ?

SECTION—C

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৫×৫=২৫

- ৫১। রবীন্দ্রনাথ ঠাকুরের 'শিশু ভোলানাথ' কাব্যগ্রন্থটির নামকরণের সার্থকতা বিচার করো।
- ৫২। 'শিশু ভোলানাথ' কাব্যে মা ও শিশুর সুমধুর সম্পর্কের কবিত্বময় বর্ণনা রয়েছে—আলোচনা করো।

- ৫৩। “মাতৃতান্ত্রিক স্নেহলব্ধ জীবনের আলোকময় স্পর্শে শিশুজীবনের পূর্ণতা ঘোষণা ‘ঠাকুরমার ঝুলি’র গল্পগুলোর মুখ্য উদ্দেশ্য।” বিশদ করো।
- ৫৪। “‘ঠাকুরমার ঝুলি’ মূলত শিশুসাহিত্য হিসাবে উল্লিখিত হলেও এতে গ্রাম বাংলার সমাজ-সংস্কৃতি, বিশ্বাস ও রীতিনীতি আশ্চর্যরকমভাবে উৎসারিত।” তোমার পাঠ্য গল্প অবলম্বনে উক্তিটির যথার্থতা প্রতিপন্ন করো।
- ৫৫। উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর ‘টুনটুনি আর রাজার কথা’ গল্প অবলম্বনে তৎকালীন সমাজ-জীবনের যে ছবি চিত্রিত হয়েছে তা আলোচনা করো।
- ৫৬। “উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর ‘শিয়ালপণ্ডিত’ গল্পটি শিশু মনস্তত্ত্বের গল্প হলেও এই গল্পে উপস্থাপিত হয়েছে নীতিকথার চূড়ান্ত পরিণতি।” আলোচনা করো।
- ৫৭। তোমার পাঠ্য ‘ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর’ গ্রন্থ অবলম্বনে ঈশ্বরচন্দ্রের জীবনী সংক্ষেপে আলোচনা করো।
- ৫৮। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ‘শিক্ষার সংস্কার’-এর ক্ষেত্রে যে ভূমিকা পালন করেছেন তোমার পাঠ্যগ্রন্থ অবলম্বনে তা আলোচনা করো।
- ৫৯। শংকরের ‘অচেনা অজানা বিবেকানন্দ’ গ্রন্থের ‘সন্ন্যাসী ও গর্ভধারিণী’ পাঠ্য অবলম্বনে স্বামী বিবেকানন্দের মাতার সংগ্রামময় জীবন সম্পর্কে আলোকপাত করো।

৬০। শংকরের 'অচেনা অজানা বিবেকানন্দ' গ্রন্থের 'সন্ন্যাসী ও গর্ভধারিণী' পাঠ অবলম্বনে স্বামী বিবেকানন্দের পরিবারের প্রতি দায়বদ্ধতা সম্পর্কে আলোচনা করো।
